গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১০৩/২০১৮-১৯
ঢাকা, রোববার ২৫ নভেম্বর ২০১৮, ১১ অগ্রহায়ণ ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। প্রধানমন্ত্রীর সঙ্গে ইইউ পার্লামেন্ট প্রতিনিধিদের সাক্ষাৎ

২। বিনা কারণে কাউকে গ্রেফতার করছে না পুলিশ : সিইসি
প্রিসাইডিং অফিসারের অনুমতি ছাড়া নির্বাহী ম্যাজিস্ট্রেটরা ভোটকেন্দ্রে ঢুকতে পারবেন না

৩। ছয়টি আসনের সব কেন্দ্রে ব্যবহার হবে ইভিএম : ইসি

৪। প্রার্থীদের নির্বাচনি প্রচারণায় বিধিনিষেধ দিয়ে স্থানীয় সরকার বিভাগের চিঠি

৫। প্রশাসনিক ব্যবস্থা ভেঙ্গে ফেলতে বিএনপি আজগুবি অভিযোগ করছে : সেতুমন্ত্রী

৬। যশোরের বিএনপি নেতা হত্যায় নির্বাচনের কোনো সংশ্লিষ্টতা নেই : স্বরাষ্ট্রমন্ত্রী

৭। হিংসা-বিদ্বেষ-বিভেদ সৃষ্টিকারী সব অপশক্তির পরাজয় ঘটবে : পানিসম্পদ মন্ত্রী

৮। জাতীয় নির্বাচন পর্যবেক্ষণ করতে ঢাকায় আসছে ইইউ বিশেষজ্ঞ দল

৯। প্রতীক বরাদ্দের পরদিন আওয়ামী লীগের নির্বাচনি ইশতেহার ঘোষণা

১০। আয়কর রিটার্ন দাখিলের সুযোগ ২ ডিসেম্বর পর্যন্ত বর্ধিত

১১। জাতীয় সমবায় দিবস আজ

১২। ওয়েবসাইট নকলের অভিযোগে গ্রেফতার প্রবাসী যুবক

১৩। চট্টগ্রাম টেস্টে বাংলাদেশের জয়

চলমান পাতা-২

১। **প্রধানমন্ত্রীর সঙ্গে ইইউ পার্লামেন্ট প্রতিনিধিদের সাক্ষাৎ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছে ইউরোপিয়ান পার্লামেন্টের একটি প্রতিনিধিদল। গতকাল (২৪ নভেম্বর শনিবার) গণভবনে এ সাক্ষাতে ছয় সদস্যের প্রতিনিধিদলের নেতৃত্ব দেন গুইসেপ্পে ফার্নান্দিনো এমপি। বৈঠকের পর প্রধানমন্ত্রীর প্রেসসচিব ইহসানুল করিম বলেন, বাংলাদেশের ইতিহাস ও প্রধানমন্ত্রীর পরিবার সম্পর্কে জানতে পেরে প্রতিনিধিদলের সদস্যরা অভিভূত হয়েছেন। প্রতিনিধিদলের সদস্যরা জানান, তাঁরা রাজধানীর বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর পরিদর্শন করেছেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, ১৯৭৫ সালে বঙ্গবন্ধুকে হত্যার পর গণতন্ত্র বাধাগ্রস্ত হয়। বঙ্গবন্ধুর স্বপ্ন ছিল ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত বাংলাদেশ গঠন। বঙ্গবন্ধু সারাজীবন বাংলাদেশের জনগণের কল্যাণে সংগ্রাম করে গেছেন। আমরা বঙ্গবন্ধুর স্বপ্নপূরণে নিরলসভাবে কাজ করে যাচ্ছি। প্রতিনিধিদলের সদস্যরা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়ন, বিশেষকরে নারীর ক্ষমতায়নের ভূয়সী প্রশংসা করেন। প্রধানমন্ত্রী এ সময় নারীর ক্ষমতায়নে তার সরকারের নেওয়া বিভিন্ন পদক্ষেপ সম্পর্কে তাঁদের অবহিত করেন। প্রধানমন্ত্রী বলেন, তাঁর সরকার কঠোর হাতে সন্ত্রাস দমন করছে।সূত্র-**সমকাল** (শেষ পৃ,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **অবজারভার** (শেষ পৃ,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৭)।

২। **বিনা কারণে কাউকে গ্রেফতার করছে না পুলিশ : সিইসি**

**প্রিসাইডিং অফিসারের অনুমতি ছাড়া নির্বাহী ম্যাজিস্ট্রেটরা ভোটকেন্দ্রে ঢুকতে পারবেন না**

প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নূরুল হুদা বলেছেন, পুলিশ আমাদের কথা মান্য করে। আমাদের কথার বাইরে বিনা কারণে কাউকে গ্রেফতার করে না। পুলিশ ইসির নিয়ন্ত্রণে আছে। পুলিশকে ইসি নির্দেশ দিয়েছে। পুলিশ আমাদের কথা দিয়েছে এবং সে নির্দেশ অনুযায়ী কাজ করছে। গতকাল (২৪ নভেম্বর শনিবার) রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন কমিশন ভবনের সম্মেলনকক্ষে ১৮টি জেলার নির্বাহী ম্যাজিস্ট্রেটদের সঙ্গে মতবিনিময় সভাশেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে সিইসি এ কথা বলেন।

এছাড়া একাদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রিসাইডিং অফিসারের অনুমতি ছাড়া ভোটকেন্দ্রের ভেতরে প্রবেশ না করতে নির্বাহী ম্যাজিস্ট্রেটদের নির্দেশ দিয়েছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নূরুল হুদা। তাদের উদ্দেশে সিইসি বলেন, নির্বাচনে আইনশৃঙ্খলা রক্ষার কাজে আপনারা প্রিসাইডিং অফিসারকে সহযোগিতা করবেন। তবে প্রিসাইডিং অফিসারের অনুমতি ছাড়া ভোটকেন্দ্রের ভেতরে প্রবেশ করবেন না। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.২), **সমকাল** (শেষ পৃ.ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

৩। **ছয়টি আসনের সব কেন্দ্রে ব্যবহার হবে ইভিএম : ইসি**

দেশের ৩০০ সংসদীয় আসনের মধ্যে ৬টি আসনের সব কেন্দ্রে ইভিএম (ইলেক্ট্রনিক ভোটিং মেশিন) ব্যবহার করা হবে বলে জানিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। সিটি করপোরেশন ও শহর এলাকার আসনগুলো থেকে দৈবচয়নের মাধ্যমে এ ছয়টি আসন নির্ধারণ করা হবে। গতকাল (২৪ নভেম্বর শনিবার) প্রধান নির্বাচন কমিশনার কে এম নূরুল হুদার সভাপতিত্বে অনুষ্ঠিত কমিশন সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। বৈঠকশেষে ইসি সচিব হেলালুদ্দীন আহমদ সাংবাদিকদের এ সিদ্ধান্তের কথা জানান। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **অবজারভার** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

৪। **প্রার্থীদের নির্বাচনি প্রচারণায় বিধিনিষেধ দিয়ে স্থানীয় সরকার বিভাগের চিঠি**

একাদশ সংসদ নির্বাচনে স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কোনো অফিস, যানবাহন এবং অন্যান্য সম্পত্তি কোনো প্রার্থীর নির্বাচন বা প্রচারণার কাজে কোনোভাবেই ব্যবহার করা যাবে না উল্লেখ করে জনপ্রতিনিধিদের কাছে চিঠি পাঠিয়েছে স্থানীয় সরকার বিভাগ। আসন্ন নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠানে বিভিন্ন দায়িত্ব পালনের নির্দেশনা দিয়ে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব এস এম গোলাম ফারুক স্বাক্ষরিত এ সংক্রান্ত নির্দেশনা সম্প্রতি সিটি করপোরেশনের মেয়র, জেলা পরিষদের চেয়ারম্যান, উপজেলা পরিষদের চেয়ারম্যান, পৌরসভার মেয়র, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের কাছে পাঠানো হয়েছে। স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলো এসব দায়িত্ব পালনে ব্যর্থ হলে, শৈথিল্য প্রদর্শন করলে বা অবহেলা করলে স্থানীয় সরকার প্রতিষ্ঠানের বিরুদ্ধে সংশ্লিষ্ট অধ্যাদেশ/আইন/বিধি অনুযায়ী ব্যবস্থা

নেওয়া হবে বলে নির্দেশনায় উল্লেখ করা হয়েছে। গত ২০ নভেম্বর থেকে নির্বাচনের পরবর্তী ১৫ দিন পর্যন্ত বহাল থাকবে বলে নির্দেশনায় উল্লেখ করা হয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.২,ক.১)।



**৫। প্রশাসনিক ব্যবস্থা ভেঙ্গে ফেলতে বিএনপি আজগুবি অভিযোগ করছে : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের অভিযোগ করেছেন, বিএনপি প্রশাসনিক ব্যবস্থা ভেঙ্গে ফেলতে পুলিশ প্রশাসনের ব্রিলিয়ান্ট কর্মকর্তাদের নামে আজগুবি-বানোয়াট কথা অপপ্রচার করছে। এর মাধ্যমে দেশের প্রশাসনিক ব্যবস্থা ভেঙ্গে দিয়ে একটি অকার্যকর প্রশাসনিক ব্যবস্থা কার্যকর করতে চাচ্ছে। গতকাল (২৪ নভেম্বর শনিবার) ধানমন্ডির আওয়ামী লীগ সভানেত্রীর রাজনৈতিক কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **অবজারভার** (শেষ পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৭)।

**৬। যশোরের বিএনপি নেতা হত্যায় নির্বাচনের কোনো সংশ্লিষ্টতা নেই : স্বরাষ্ট্রমন্ত্রী**

সম্প্রতি গুম ও খুনের বিষয়টি আইনশৃঙ্খলা বাহিনী গুরুত্বের সঙ্গে দেখছে জানিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, যশোরের বিএনপি নেতা অপহরণের পর হত্যার সঙ্গে আসন্ন নির্বাচনের কোনো সংশ্লিষ্টতা নেই। তিনি বলেন, যশোরের বিএনপি নেতাকে অপহরণের পর হত্যার ঘটনার তদন্ত চলছে। আশা করছি খুব শীঘ্রই এসব ঘটনার রহস্য উদ্‌ঘাটন হবে। গতকাল (২৪ নভেম্বর শনিবার) রাজধানীর খামারবাড়ি এলাকায় আয়োজিত এক অনুষ্ঠানশেষে এসব কথা বলেন মন্ত্রী। তাঁর নিজ নির্বাচনি এলাকা ঢাকা-১২ এর ২৭ নং ওয়ার্ড যুবলীগের সঙ্গে মতবিনিময় করতে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৩), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১)।

**৭। হিংসা-বিদ্বেষ-বিভেদ সৃষ্টিকারী সব অপশক্তির পরাজয় ঘটবে : পানিসম্পদ মন্ত্রী**

পানিসম্পদ মন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জু বলেছেন, মানুষের মধ্যে ধর্মীয় ভেদাভেদ দূর করে শান্তি ও সহিষ্ণুতা অক্ষুণ্ন রাখতে হবে। এ অঞ্চলের মানুষের মাঝে যে সৌহার্দ্য ও সম্প্রীতি বিদ্যমান তা আমরা বজায় রাখতে যথাসাধ্য চেষ্টা করবো। যারা হিংসা-বিদ্বেষ-বিভেদ সৃষ্টি করতে চায়, আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি সেসব অপশক্তির পরাজয় ঘটবে। তিনি গতকাল (২৪ নভেম্বর শনিবার) পিরোজপুর জেলার কাউখালী উপজেলা সদরে শ্রী গুরুসংঘ বাংলাদেশ কেন্দ্রীয় আশ্রম প্রাঙ্গণে সনাতন ধর্মাবলম্বীদের রাস পূর্ণিমায় শ্রী শ্রী মদ্‌ দুর্গা প্রসন্ন পরমহংসদেবের **১২৭**তম আবির্ভাব উপলক্ষে পাঁচ দিনব্যাপী উৎসবে সমবেত পুণ্যার্থীদের সাথে শুভেচ্ছা বিনিময়কালে এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক. ৫)।

**৮। জাতীয় নির্বাচন পর্যবেক্ষণ করতে ঢাকায় আসছে ইইউ বিশেষজ্ঞ দল**

একাদশ সংসদ নির্বাচন সামনে রেখে আগামী ২৭ নভেম্বর মঙ্গলবার ঢাকায় আসছেন ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) দু'জন নির্বাচন বিশেষজ্ঞ। তাঁরা আগামী জানুয়ারি পর্যন্ত অবস্থান করে নির্বাচন পূর্বাপর কয়েক দিনের অবস্থা পর্যবেক্ষণ করবেন। সংশ্লিষ্ট কূটনৈতিক সূত্রে এ তথ্য পাওয়া গেছে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫)।

**৯। প্রতীক বরাদ্দের পরদিন আওয়ামী লীগের নির্বাচনি ইশতেহার ঘোষণা**

আওয়ামী লীগের একাদশ জাতীয় সংসদ নির্বাচনের ইশতেহার ঘোষণা করা হবে প্রতীক বরাদ্দের পরদিন। আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা জাতির সামনে ইশতেহার ঘোষণা করবেন। এরপর ইশতেহার সবার জন্য উন্মুক্ত হবে। গতকাল (২৪ নভেম্বর শনিবার) ধানমন্ডিস্থ আওয়ামী লীগ সভানেত্রীর রাজনৈতিক কার্যালয়ে সংবাদসম্মেলনে দলের প্রেসিডিয়াম সদস্য এবং ইশতেহার উপ-কমিটির আহ্বায়ক ড. আব্দুর রাজ্জাক এ তথ্য জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৮), **সংবাদ** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৫)।

**১০। আয়কর রিটার্ন দাখিলের সুযোগ ২ ডিসেম্বর পর্যন্ত বর্ধিত**

নভেম্বরের শেষ দিন সরকারি ছুটির কারণে আগামী ২ ডিসেম্বর পর্যন্ত আয়কর বিবরণী (রিটার্ন) দাখিল করা যাবে। করদাতাদের সুবিধার্থে রিটার্ন দাখিলের সময় পেছানো হয়েছে। তবে এ বছর আয়কর সপ্তাহ পালন করছে না জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)। কর সপ্তাহ পালিত না হলেও রিটার্ন দাখিলের শেষ দিন পর্যন্ত কর অফিসগুলোতে কর মেলার সব সুবিধা পাওয়া যাবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **যুগান্তর** (পৃ.১৩,ক.১)।

**১১। জাতীয় সমবায় দিবস আজ**

আজ ৪৭তম জাতীয় সমবায় দিবস। 'সমবায় ভিত্তিক সমাজ গড়ি, টেকসই উন্নয়ন নিশ্চিত করি' প্রতিপাদ্যকে সামনে রেখে এবার দিবসটি উদ্‌যাপিত হচ্ছে। এ উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী



শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। দিবসটি উপলক্ষে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় নানা কর্মসূচি গ্রহণ করেছে। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৮), **সমকাল** (পৃ.২,ক.৬), **অবজারভার** (পৃ.৩,ক.৬), **ডেইলি সান** (পৃ.৩,ক.৬)।

**১২। ওয়েবসাইট নকলের অভিযোগে গ্রেফতার প্রবাসী যুবক**

রাজধানীর বিমানবন্দর এলাকা থেকে নিখোঁজে'র দু'দিন পর গতকাল (২৪ নভেম্বর শনিবার) কোরিয়া প্রবাসী যুবককে গ্রেফতার করেছে র‍্যাব। র‍্যাবের কর্মকর্তারা বলেছেন, তার নাম এনামুল হক। তিনি কয়েকটি জাতীয় দৈনিকের অনলাইন সংস্করণসহ ২২টি গণমাধ্যমের নকল ওয়েবসাইট পরিচালনা করতেন। তদন্তে নিশ্চিত হয়ে তাকে গ্রেফতার করা হয়েছে। তিনি ছাত্রশিবিরের কেন্দ্রীয় নেতা। ভুয়া ওয়েবসাইট থেকে পাওয়া অর্থের ৭০ ভাগই সংগঠনটির তহবিলে যেত। সূত্র-**সমকাল** (শেষ পৃ,ক.৭), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮), **অবজারভার** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২)।

**১৩। চট্টগ্রাম টেস্টে বাংলাদেশের জয়**

ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে চট্টগ্রাম টেস্ট জিতেছে বাংলাদেশ। স্পিনারদের নৈপুণ্যে দাপটের সঙ্গেই জিতল সাকিববাহিনী। ৬৪ রানে জয় তুলে নিল স্বাগতিকরা। তিনদিন না যেতেই টেস্ট জয় করে বাংলাদেশ। তাতে করে দুই ম্যাচের টেস্ট সিরিজে ১-০ ব্যবধানে এগিয়ে গেল বাংলাদেশ। আগামী ৩০ নভেম্বর মিরপুর শেরেবাংলা স্টেডিয়ামে শুরু হবে দ্বিতীয় ও শেষ টেস্ট। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ভোরের কাগজ** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক, যুগান্তর :** রাজধানীতে নতুন করে কিউলেক্স মশার যে উপদ্রব দেখা দিয়েছে তা উদ্বেগজনক উল্লেখ করে দুই সিটি কর্পোরেশন কর্তৃপক্ষকে এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

খ. **সমকাল :** নতুন আন্তর্জাতিক ১২ রুট বাড়িয়ে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সকে চাঙ্গা করার যে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে তার সফল বাস্তবায়নের প্রত্যাশা।

গ. **সংবাদ :** গত অর্থবছরে মোট দেশজ উৎপাদনে (জিডিপি) রেমিট্যান্সের অবদান ছিল সাড়ে ৫ শতাংশ যা গত নয় বছরের তুলনায় কম উল্লেখ করে রেমিট্যান্স প্রবাহ বাড়ানোর পাশাপাশি অর্থনীতির অন্যান্য খাতকে শক্তিশালী করার ওপর গুরুত্বারোপ।

ঘ. **ভোরের কাগজ, ইনকিলাব :** টাঙ্গাইলের মধুপুর বন এলাকায় বিমানবাহিনীর একটি প্রশিক্ষণ বিমান বিধ্বস্ত হয়ে বিমানটির পাইলট নিহত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে এ ধরনের দুর্ঘটনা রোধে দেশের বিমান প্রশিক্ষণ ব্যবস্থাকে যুগোপযোগী করার সুপারিশ।

ঙ. **বণিক বার্তা :** নিবন্ধনহীন অনেক এনজিও'র মাধ্যমে প্রতারিত হচ্ছে বিভিন্ন অঞ্চলের মানুষ উল্লেখ করে ভুয়া ও অনিবন্ধিত এনজিওগুলোর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

চ. **ইন্ডিপেনডেন্ট :** দেশের বনের পরিমাণ কমে যাওয়ায় বন্যপ্রাণী ও পাখি রক্ষায় কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ছ. **নিউ এজ :** মহাসড়কে ওভারলোড করা যানবাহন দুর্ঘটনার কারণ হয় উল্লেখ করে এ ব্যাপারে নজর দেওয়ার সুপারিশ।

## উপসম্পাদকীয়

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, সুষ্ঠু নির্বাচনের ভিত্তি হলো সার্বজনীন ভোটাধিকার।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'বই পড়ি, ভালো মানুষ হই'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, বই পড়ার মাধ্যমে মানুষের জ্ঞান আহরণের পাশাপাশি তার চিন্তাশক্তি, যুক্তিবুদ্ধির জাগরণ ঘটে, যা একজন শিক্ষিত মানুষের জন্য অপরিহার্য।

#

ফাহিমা/শুকলা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা